অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

বন্দুকের সহিংসতা সম্পর্কে জাতীয় সচেতনতা দিবসে (NATIONAL GUN VIOLENCE AWARENESS DAY) মারিও এম. কুওমো সেতুতে (MARIO M. CUOMO BRIDGE) আজ সন্ধ্যায় কমলা রঙের আলোকসজ্জা করার নির্দেশনা দিলেন গভর্নর কুওমো

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ শুক্রবার 7ই জুন সন্ধ্যায় বন্দুকের সহিংসতা সম্পর্কে জাতীয় সচেতনতা দিবস 2019 উপলক্ষ্যে মারিও এম. কুওমো সেতুতে কমলা রঙের আলোকসজ্জা করার নির্দেশনা দিয়েছেন।

"ভীতিকর অভিজ্ঞতার সাথে বন্দুকের সহিংসতার অর্থহীন কাজ নিয়মিত ঘটার প্রেক্ষিতে এই সমস্যাকে সামনে ও কেন্দ্রে নিয়ে আসা এবং ফেডারেল সরকারকে শেষ পর্যন্ত কিছু করায় চাপ প্রদান করা আগের চেয়ে আরও গুরুত্বপূর্ণ", **গভর্নর কুওমো বলেন।** "নিউইয়র্কে ইতোমধ্যে দেশের সবচেয়ে শক্তিশালী বন্দুক আইন রয়েছে - যা এখন ওয়াশিংটনের অনুসরণ করা উচিত। বন্দুকের সহিংসতা সম্পর্কে জাতীয় সচেতনতা দিবস উপলক্ষ্যে আমি আজ সন্ধ্যায় মারিও এম. কুওমো সেতু এবং অঙ্গরাজ্যব্যাপী অন্যান্য উল্লেখযোগ্য স্থানে কমলা রঙের আলোকসজ্জা করার নির্দেশনা দিচ্ছি।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "বন্দুকের সহিংসতা সমস্ত কমিউনিটির উপর প্রভাব ফেলে এবং অবশ্যই আমাদের সমস্ত শক্তি দ্বারা তা মোকাবিলা করতে হবে। সিনেটে সংখ্যাগরিষ্ঠ ডেমোক্রেটরা সিনেটের পূর্ববর্তী সংখ্যাগরিষ্ঠদের দ্বারা কয়েক বছর ধরে ঠেকিয়ে রাখা ঐতিহাসিক বন্দুক থেকে নিরাপত্তা আইন (gun safety legislation) পাস করেছে। আমরা বন্দুকের সহিংসতা থেকে নিউইয়র্কবাসীদের রক্ষা এবং বন্দুক থেকে নিরাপত্তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখব।"

সিনেটর পিটার হারখাম বলেন, "এই সেতুকে কমলা আলোয় সজ্জিত করা এবং বন্দুক থেকে নিরাপত্তার বিষয়ে আপনার নেতৃত্বের জন্য আপনাকে ধন্যবাদ গভর্নর কুওমো। এই সন্ধ্যায় মারিও এম. কুওমো সেতুকে কমলা আলোয় সজ্জিত করে আমরা বন্দুকের সহিংসতার চলমান তীব্রতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করছি। আমি গর্বিত যে নিউইয়র্ক অঙ্গরাজ্যের আইনসভা চলতি অধিবেশনে বন্দুক থেকে নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কিত বেশ কয়েকটি ফলপ্রসূ আইন পাস করেছে যা জনগণের দ্বিতীয় সংশোধনের অধিকার লঙ্ঘন করে না। তবুও, আমাদের এখনও আরও কাজ বাকি রয়েছে।"

সিনেটর ডেভিড কার্লুচি বলেন, "নতুন সেতুতে কমলা রঙের আলোকসজ্জা করার মাধ্যমে বন্দুকের সহিংসতার শিকার ও ভুক্তভোগী ব্যক্তিদের প্রতি সম্মান প্রদর্শন করে বন্দুক থেকে নিরাপত্তা আন্দোলন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার অনুরোধ জানানোর জন্য মমস ডিমান্ড অ্যাকশনকে

(Moms Demand Action) ধন্যবাদ। আমরা কেবল রকল্যান্ডে বলছি না যে যথেষ্ট হয়েছে, আমরা সমস্ত নিউইয়র্কবাসীর নজরে আনার জন্য একটি মহামারীর প্রতি আলোক নিক্ষেপ করছি। নিউইয়র্ক অঙ্গরাজ্যের সিনেট বন্দুক থেকে নিরাপত্তা সম্পর্কিত কয়েকটি বিল পাস করেছে যা আমাদের বন্দুক আইনকে দেশের সবচেয়ে শক্তিশালী আইনে পরিণত করেছে এবং আমাদেরকে অবশ্যই বন্দুকের সহিংসতা মুক্ত ভবিষ্যতের জন্য লড়াই চালিয়ে যেতে হবে। আমি এ বিষয়ে নেতৃত্ব প্রদানের এবং বন্দুকের সহিংসতা সম্পর্কে জাতীয় সচেতনতা দিবসকে স্বীকৃতি দানের জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাচ্ছি।"

সিনেটর শেলী মেয়ার বলেন, "প্রতিদিন আমরা আরেকটি প্রতিরোধযোগ্য বন্দুকের সহিংসতার ভয়ঙ্কর কর্মকাণ্ড সম্পর্কে শুনতে পাই। যারা প্রাণ হারিয়েছেন আমরা তাদের জন্য শোক প্রকাশ করি, এবং এই সহিংসতার চলমানতা প্রতিরোধের জন্য কাজ করি। নিউইয়র্কে আমরা বন্দুক থেকে নিরাপত্তার বিষয়টিকে সহায়তার ক্ষেত্রে বড় রকমের পদক্ষেপ গ্রহণ করেছি, তবে আমরা জানি যে আমরা বন্দুকের সহিংসতা হ্রাস করতে এবং আরও বেশি কিছু করতে পারি এবং আমাদেরকে অবশ্যই তা করতে হবে। বন্দুকের সহিংসতা সম্পর্কে জাতীয় সচেতনতা দিবসকে স্বীকৃতি দিয়ে মারিও এম. কুওমো সেতুতে কমলা রঙের আলোকসজ্জার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

শিশু ও পরিবার সম্পর্কিত সংসদ কমিটি (Assembly Committee on Children and Families)-এর চেয়ার সংসদ সদস্য অ্যালেন জ্যাফি বলেন, "আমাদের দেশ জুড়ে বন্দুক সহিংসতার ব্যাপক ঘটনা অগ্রহণযোগ্য। আমাদের শিশু এবং পরিবারের তাদের স্কুলে, প্রার্থনালয়ে, ঘরে এবং কমিউনিটিতে নিরাপদ বোধ করার অধিকার রয়েছে। বন্দুকের সহিংসতা সম্পর্কে জাতীয় সচেতনতা দিবসে আমি এ বিষয়ে দৃঢ় নেতৃত্বের জন্য এবং এই সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষণে অব্যাহত প্রচেষ্টার জন্য নিউইয়র্ক অঙ্গরাজ্যের এর প্রশংসা করি। আমাদেরকে অবশ্যই এই মহামারীর অবসান ঘটাতে হবে।"

সংসদ সদস্য জেমস স্কাউফিস (James Skoufis) বলেন, "বছরের পর বছর আমাদের দেশে বন্দুকের সহিংসতার মহামারীতে বহু কমিউনিটি অব্যাহতভাবে ভোগান্তির শিকার। বন্দুক থেকে নিরাপত্তার সাধারণ জ্ঞানকে মূল্যায়নকারী আইনসভার অংশ হয়ে আমি গর্বিত এবং বন্দুকের সহিংসতা সম্পর্কে জাতীয় সচেতনতা দিবসের প্রতি সম্মান প্রদর্শন করে সেতুতে কমলা রঙের আলোকসজ্জা করার জন্য গভর্নরকে ধন্যবাদ জানাই। "যারা প্রাণ হারিয়েছেন আমরা যেন তাদের ভুলে না যাই, এবং এই মারাত্মক কর্মকাণ্ড থেকে সমস্ত নিউইয়র্কবাসীকে রক্ষা করার ক্ষেত্রে আমরা যেন সম্মিলিত কার্যক্রম অব্যাহত রাখতে পারি।

সংসদ সদস্য কেনেথ জেব্রস্কি বলেন, "আজ গভর্নর কুওমো এবং রকল্যান্ড কাউন্টির কর্মীদের পাশে দাঁড়িয়ে আমি সম্মানিত বোধ করছি, কারণ আমরা আমাদের দেশে নির্বোধ বন্দুকের সহিংসতা প্রতিবিম্বিত করছি। এই সেতু কমলা আলোয় সজ্জিত হওয়ার প্রেক্ষিতে ফলে আমাদের অঞ্চলগুলোর সুরক্ষার জন্য আমাদের সংকল্পকে জোরদার করার লক্ষ্যে চলুন সম্ভাব্য সবকিছু করি।"

সংসদ সদস্য টম আবিনাটি বলেন, "আমি আমাদের দেশে বন্দুকের সহিংসতার মহামারীর বিস্তার বন্ধে সব আমেরিকানের পদক্ষেপ দাবি করার প্রয়োজনীয়তা তুলে ধরার ক্ষেত্রে গভর্নর কুওমো'র সাথে যোগদান করছি। নিউইয়র্ক সাধারণ জ্ঞান ভিত্তিক পদক্ষেপসহ পথ নির্দেশ করছে, তবে নির্দোষ মানুষের আরও মৃত্যু রোধে আমাদের প্রয়োজন সমস্ত আমেরিকানের সহায়তা।"

মমস ডিমান্ড অ্যাকশন ফর গান সেনস ইন আমেরিকার (Moms Demand Action for Gun Sense in America) নিউইয়র্ক শাখার স্বেচ্ছাসেবী জিউন রুবিন বলেন, "আমাদের স্থানীয় নির্বাচিত কর্মকর্তাদের বন্দুকের সহিংসতা সম্পর্কে জাতীয় সচেতনতা দিবসকে স্বীকৃতি প্রদান এবং এই সেতুর আলোকসজ্জার মাধ্যমে ওয়্যার অরেঞ্জ (Wear Orange) আন্দোলন দেখে আমরা অত্যন্ত কৃতজ্ঞ। বন্দুকের সহিংসতায় ক্ষতিগ্রস্ত প্রতিটি আমেরিকানের প্রতি সম্মান প্রদর্শনের এবং একটি প্রতিধ্বনিত বার্তা তুলে ধরার জন্য এই সপ্তাহান্তই উপযুক্ত সময়: যথেষ্ট হয়েছে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন